# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
**Date: 21-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্যে উদযাপন করা হচ্ছে ঐতিহ্যবাহী গড়িয়া পূজা।**
**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গন্ডাতুইসায় ২৪তম রাজ্যভিত্তিক বৈসু উৎসবের উদ্বোধন করেন।**
**(৩) উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, সরকারের পরিকল্পনা ও নীতি তৃণমূল স্তরে বাস্তবায়নে সিভিল সার্ভিস একটি প্রধান ভূমিকা পালন করে।**
**(৪) উত্তর-পূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতার প্রথম ম্যাচে ত্রিপুরা জয় পেয়েছে।**

*************************************

**Garia Puja :**

#####Garia Music#####

ঐতিহ্যবাহী গড়িয়া পূজায় মেতে উঠেছে ত্রিপুরার গ্রাম, পাহাড় ও শহর। ত্রিপুরার বিশেষত রাজ্যের জনজাতি অংশের জনগণের অন্যতম প্রাচীন ও গুরুত্বপূর্ণ উৎসবগুলোর একটি হলো গড়িয়া পূজা। এই পূজায় বাঁশের খুঁটিকে দেবতা হিসেবে পূজা করে, নতুন ফসল, সুস্বাস্থ্য ও পারিবারিক সমৃদ্ধির জন্য প্রার্থনা করা হয়। আগরতলার বিভিন্ন স্থানে আজ চিরাচরিত প্রথা অনুযায়ী এই পূজার আয়োজন করা হয়েছে। উৎসবে জাতি-জনজাতি উভয় অংশের জনগণ সামিল হয়েছে। ত্রিপুরার জমাতিয়া হদা সম্প্রদায়ের অন্যতম প্রধান উৎসব বাবা গরিয়া পূজা সাধারণত চৈত্র সংক্রান্ত থেকে শুরু হয়। জমাতিয়া হদার অন্যতম প্রধান এই পূজা এবছর শুরু হয়েছে গোমতী জেলার পিত্রায়। আজ শেষ হচ্ছে তেলিয়ামুড়া গর্জনতলীর ওয়াকসিমালুঙ

গ্রামে বাবা গড়িয়া বিয়াকরই দেবতার পরিক্রমার মধ্যে দিয়ে। এই পূজা উপলক্ষে গ্রামবাসীরা নানা রকম খাবার দাবার তৈরি করেন ও ভোজনে মিলিত হন। এই পূজা সামাজিক রীতি পরম্পরাকে সমৃদ্ধ করে আসছে যুগ যুগ ধরে। গড়িয়া পূজা উপলক্ষে আজ ত্রিপুরায় ছিল সরকারী ছুটি। আগরতলায় অভয়নগর, বনমালিপুর সহ বিভিন্ন স্থানে উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গড়িয়া পূজা উদযাপন করা হয়। কৃষ্ণনগর এলাকায় গড়িয়া পূজার আয়োজকদের একজন এই পূজার তাৎপর্য ব্যাখ্যা করেন।

#####Byte####

গোমতী জেলার কিল্লার পিত্রা কামি এলাকায় রাজন্য আমল থেকে চলে আসা ৪৩৬তম বছরের পুরাতন গড়িয়া পূজা পয়লা চৈত্র থেকে শিব ও ত্রিপুরা সুন্দরী দেবীর পূজা, এর পর পর তিন দিন গঙ্গা পূজা ও চৈত্র সংক্রান্তি দিন হয় মহা গড়িয়া পূজা।

এরপর সাতদিন বাবা গড়িয়া দেবতাকে নিয়ে এক হাজার ১০৬টি বাড়ি পরিক্রমা করে আজ সকাল সাতটায় শেষ হয়। এরপর আজ সকাল থেকে শুরু হয় বাবা গড়িয়ার সমাপ্তি পূজা যা সেনা পূজা নামে প্রচলিত।

বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী গড়িয়া পুজা উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, গড়িয়া পুজা প্রাচীন ঐতিহ্য ও বিশ্বাসের প্রতীক, যা সবার জীবনে সুখ, শান্তি ও সমৃদ্ধি বয়ে আনে।

#####Byte-Jitendra Chowdhury#####

ভক্তি ও শ্রদ্ধায় সম্পদ, সমৃদ্ধির দেবতা বাবা গড়িয়ার পূজো আজ কৈলাশহরের জনজাতি অধ্যুষিত এলাকাগুলিতে অনুষ্ঠিত হয়। কৈলাশহরের ধনবিলাস গড়িয়া হাতি'তে সার্বজনীন পূজা অনুষ্ঠিত হয়। জনজাতি অংশের ছোট-বড় নারী-পুরুষ নাচে-গানে ও বাজনা'য় বাবা গড়িয়া'র আরাধনা ও স্তুতি করেন।

#####Garia Music#####

****************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সন্ধ্যায় ধলাই জেলার গন্ডাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ২৪তম রাজ্যভিত্তিক বৈসু উৎসবের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া, সমাজপতি সংগঠনের পক্ষে বীরেন্দ্র ত্রিপুরা, উৎসব কমিটির যুগ্ম আহ্বায়ক রাম জয় ত্রিপুরা।

***************************

**CM-Khowai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সর্বত্র শান্তি বজায় রাখার জন্য সচেষ্ট রয়েছে। কোনো ধরনের হিংসাত্মক কার্যকলাপ বরদাস্ত করা হবে না। এই সমস্ত কার্যকলাপে দোষীদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে। এডিসি নির্বাচনের পর এডিসি এলাকায় কিছু অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী আজ খোয়াই জেলা সফরকালে সাংবাদিকদের একথা জানান।

তিনি জানান, এডিসি এলাকায় সাম্প্রতিক হিংসাত্মক ঘটনায় ক্ষতিগ্রস্ত ২৫৮টি পরিবারের জন্য প্রথম পর্যায়ে ৬৪ লক্ষ ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী আজ খোয়াই মহকুমার কচুবাড়ী এবং বিদ্যাবিল গ্রাম ও এডিসি তেলিয়ামুড়া-মহারানীপুর কিছু কেন্দ্রে যান এবং সাম্প্রতিক অনভিপ্রেত ঘটনায় ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন। মুখ্যমন্ত্রী সঙ্গে ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, রাজ্য পুলিশের মহা নির্দেশক অনুরাগ, খোয়াই জেলার জেলাশাসক, জেলা পুলিশ সুপার, খোয়াই মহকুমা শাসক, পুলিশ ও প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকগণ।

***************************

**RSS Chief Mohan Bhagabat :**

মোহনপুরের পশ্চিম তারাপুরের ফকিরামুড়ায় আজ চিন্ময় মিশন স্কুলের মা সৌন্দর্য চিন্ময়ী মন্দিরের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মহারাষ্ট্রের রাজ্যপাল যীষ্ণু দেববর্মা এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ও আর.এস.এস প্রধান মোহন ভাগবত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ, প্রাক্তন মন্ত্রী বিভুকুমারী দেবী, তিপ্রা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যুৎ কিশোর দেববর্মা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার প্রমুখ।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Vice-President :**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, সরকারের পরিকল্পনা ও নীতি তৃণমূল স্তরে বাস্তবায়নে সিভিল সার্ভিস একটি প্রধান ভূমিকা পালন করে। আজ নয়াদিল্লিতে সিভিল সার্ভিস দিবসে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন,

প্রত্যন্ত গ্রামগুলিতে ফলপ্রসূ ফলাফল তখনই আসে যখন সরকারী নীতিগুলি প্রকৃত অর্থে বাস্তবায়িত হয়। সর্দার বল্লভভাই প্যাটেলকে সর্বভারতীয় পরিষেবার জনক আখ্যা দিয়ে উপরাষ্ট্রপতি বলেছেন, সর্দার প্যাটেল সেবা ও ঐক্যের এক অভিন্ন চেতনার অধীনে জাতিকে একত্রিত করেছিলেন। তিনি বলেন, পরিকাঠামো, স্বাস্থ্য বা শিক্ষা সবক্ষেত্রেই ভারত এখন বিশ্বমঞ্চে এক গর্বের স্থান অধিকার করে আছে।

কেন্দ্রীয় কর্মী ও জন অভিযোগ প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে প্রশাসনে একটি যুগান্তকারী পরিবর্তন এসেছে। তিনি বলেন, গত ১২ বছরে দেশ প্রশাসন-কেন্দ্রিক শাসন থেকে নাগরিক-কেন্দ্রিক শাসনে রূপান্তরিত হয়েছে।

**************************

**Mann Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন ২৪শে এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

***************************

**West Bengal-Election :**

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের প্রচার আজ শেষ হয়েছে। আগামী ২৩শে এপ্রিল প্রথম পর্বে মোট ১৫২টি আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে, যেখানে ১ হাজার ৪৭৮ জন প্রার্থীর ভাগ্য নির্ধারিত হবে।

*****************************

**LPG :**

সরকার জানিয়েছে, সারাদেশে গার্হস্থ্য এলপিজি সরবরাহ স্বাভাবিক রয়েছে। আজ নয়াদিল্লিতে পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলীর প্রেক্ষিতে আন্তঃমন্ত্রণালয় ব্রিফিংয়ে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয়ের যুগ্ম সচিব সুজাতা শর্মা এখবর জানান।

************************

**Northeastern Cricket :**

উত্তর-পূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতার প্রথম ম্যাচে ত্রিপুরা জয় পেয়েছে। আজ গুয়াহাটির জর্জ মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১০ উইকেটে মিজোরামকে হারিয়ে দেয়।

************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ গ্রুপের শেষ চারটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় ওল্ড প্লে সেন্টার ৪৮ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং জয়নগর ক্রিকেট ক্লাব ৮ উইকেটে স্ফুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে। এছাড়া নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় হার্ভে ক্লাব ৬ উইকেটে ইউনাইটেড বি এস টি-কে এবং শতদল সংঘ ২৮ রানে পোলস্টার ক্লাবকে হারিয়ে দেয়। আগামী ২৩ ও ২৪ এপ্রিল আসরের দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হবে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ এবং ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া

দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***************************